



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-১৫

২৭ আশ্বিন ১৪৩৩

তারিখ: -----

১২ অক্টোবর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ খেলাপি প্রতিষ্ঠান শাইনপুকুর সিরামিকস্ লিমিটেড-এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি. কর্তৃক মঞ্জুরীকৃত
চলতি মূলধন ঋণসীমা নবায়নে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক(৩) ধারা হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১২ অক্টোবর ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি-২(টাস্কফোর্স
সেকশন)/৬১৩/১৪/২০২৬-৪২০৯ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: ০১ (এক)।

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি-২(টাক্সফোর্স সেকশন)/৬১৩/১৪/২০২৬-৪২০৯

২৭ আশ্বিন ১৪৩৩

তারিখঃ-----

১২ অক্টোবর ২০২৬

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক পিএলসি-এর গ্রাহক শাইনপুকুর সিরামিকস লিমিটেড ঋণ খেলাপি হওয়া স্বত্বেও রাষ্ট্রীয় স্বার্থে শাইনপুকুর সিরামিকস লিমিটেড-এর অনুকূলে বিদ্যমান চলতি মূলধন সীমা ১০৫.০০ কোটি টাকা (সিসি- হাইপোঃ ৫৫.০০ কোটি টাকা, এলসি ২৫.০০ কোটি টাকা ১৫% মার্জিনে ও এলটিআর ২৫.০০ কোটি টাকা ১০% মার্জিনে) নবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ২৭কক (৩) ধারায় বর্ণিত নিষেধাজ্ঞা আগামী ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত কার্যকর হবে নাঃ

- (ক) এই ঋণ-সুবিধার বিপরীতে অর্থ বিভাগের কোনো দায় সৃষ্টি হবে না এবং ভবিষ্যতে সোনালী ব্যাংক পিএলসি সরকারের কাছ থেকে কোনোরূপ আর্থিক সহায়তা দাবি করতে পারবে না; এবং
- (খ) শাইনপুকুর সিরামিকস লিমিটেড-এর সকল আয় একটি নির্দিষ্ট হিসাবে জমা রাখতে হবে এবং সেখান থেকে আনুপাতিক হারে সোনালী ব্যাংকের পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে।

(মোঃ আনিছুর রহমান)

ডেপুটি গভর্নর

বাংলাদেশ ব্যাংক